মেহেরপুরের ৩নং ওয়ার্ডে ধানের শীষের নির্বাচনী প্রচারনা

মেহেরপুরে জেলা বিএনপির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে ধানের শীষের নির্বাচনী প্রচারনা ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

পৌরসভার ৩নং ওয়ার্ডে মেহেরপুর-১ আসনের আজ রবিবার সকালে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুনের পক্ষে ধানের শীষে ভোট চেয়ে নির্বাচনী প্রচারণা ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়।

কর্মসূচিতে বিএনপি নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দেন, সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীর পক্ষে সমর্থন কামনা করেন।

এসময় জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে নাসির উদ্দীন, সাইদ হাসান জনি, মৃদুলসহ ৩নং ওয়ার্ডের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনা কেরু’র শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের নৌকা প্রতীকের নির্বাচনী প্রচারনা

বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত চুয়াডাঙ্গা-২ আসনের নৌকা প্রতীকের প্রার্থী আলী আজগার টগরের নৌকা প্রতিকের সমর্থনে কেরু’র শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে আনুষ্ঠানিক নির্বাচনী প্রচারনায় গণ সংযোগ করেছেন।

আজ শনিবার (৩০ ডিসেম্বর) বেলা ১১ টার দিকে কেরু’র শ্রমিক ও কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কেরু’র শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনায় বক্তব্য রাখেন, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ-সভাপতি মফিজুল ইসলাম, রেজাউল, যুগ্ন সম্পাদক হাফিজুর রহমান, মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন, দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট।

এ আলোচনা শেষে প্রচারনা ও গণ সংযোগে অংশনেয় সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, ক্যাশিয়ার আব্দুল কুদ্দুস, সদস্য শরিফুল ইসরলাম, মাহমুদুল হাসান রকি, কামরুল হাসান লোমান, মাজেদুল ইসলাম ডাবলু, মজিবর রহমান, নুরুল ইসলাম, জহিরুল ইসলাম, বাবুল আক্তার, সেলিম খান, আমিনুল ইসলাম, বাবর আলী, সাহেব আলী শিকদার, হারিজুল ইসলাম, ইদ্রিস আলী, সাজ্জাদ, আজাদ, প্রমুখ।

আমদহ ইউপি নির্বাচনে ৩ নং ওয়ার্ডের মেম্বার পদপ্রার্থী দরুদ আলীর নির্বাচনী প্রচারনা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ নং ওয়ার্ড মেম্বার পদপ্রার্থী দরুদ আলীর ফুটবল প্রতীকের নির্বাচনী প্রচারনা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণ থেকে শুরু করে বন্দর, বামন পাড়া দুই শতাধিক মোটরসাইকেল নিয়ে সোডাউন ও ফুটবল প্রতীকের প্রচার প্রচারণা করেন।

নির্বাচনের পূর্ব মুহুর্তে প্রচার প্রচারণা আর পরিচিতি লাভ করার জন্য ব্যাপক ভাবে গনসংযোগ করে বেড়াচ্ছেন তিনি। গ্রামের নতুন ভোটারদের ভোটের মাঠে আকৃষ্ট করার চেষ্টা চালাচ্ছেন। উল্লেখ্য যে তিনি করোনা নামক মহামারীতে অসহায়,ক্ষুধার্ত মানুষের পাশে থেকে আর্থিক ভাবে সহযোগীতা করে এলাকার বহু মানুষের ভালবাসায় সিক্ত হয়েছেন